




নির্বাচনে ভূমিকার জন্য জামায়াত আমিরকে প্রধান উপদেষ্টার অভিনন্দন



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে উল্লেখযোগ্য ফল অর্জনের পর শফিকুর রহমান-কে অভিনন্দন জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। শনিবার প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়।

বার্তায় তিনি বলেন, নির্বাচনে দলীয় প্রার্থীদের সক্রিয় অংশগ্রহণ ও ফলাফল শান্তভাবে মেনে নেওয়ার জন্য জামায়াত আমির প্রশংসার দাবিদার। প্রচারকাল থেকে ফল ঘোষণার পর পর্যন্ত সংযত বক্তব্য ও কর্মীদের শান্ত থাকার আহ্বান দেশের স্থিতিশীলতা বজায় রাখতে সহায়ক হয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

অন্তর্বর্তী সরকারের সময়কালে গঠনমূলক সহযোগিতা ও পরামর্শ দেওয়ার জন্য দলটির প্রতি কৃতজ্ঞতা জানান প্রধান উপদেষ্টা। তিনি বলেন, বৈশ্বিক অর্থনীতি, প্রযুক্তি, জলবায়ু ও সামাজিক ন্যায়বিচারের মতো গুরুত্বপূর্ণ ইস্যুতে দেশ এখন চ্যালেঞ্জের মুখে। এ অবস্থায় গণতন্ত্রকে শক্তিশালী করতে সরকার ও বিরোধী দল—উভয়ের দায়িত্বশীল ভূমিকা প্রয়োজন। তিনি আশা প্রকাশ করেন, জামায়াত জাতীয় সংসদে গঠনমূলক বিরোধী শক্তি হিসেবে কাজ করবে এবং নীতিনির্ভর বিতর্ক ও জবাবদিহিতা নিশ্চিত করতে ভূমিকা রাখবে। পাশাপাশি জাতীয় ঐক্য সুদৃঢ় করার আহ্বান জানান তিনি এবং জামায়াত আমিরের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করেন।

উল্লেখ্য, এবারের নির্বাচনে জামায়াতে ইসলামী পেয়েছে ৬৮টি আসন। তাদের জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টি পেয়েছে ৬টি, বাংলাদেশ খেলাফত মজলিশ ২টি এবং আরেকটি সহযোগী দল পেয়েছে ১টি আসন।